

প্রথম অধ্যায়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

মডেল--০৯

১.► জিহান সাহেব একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী। তাঁর বন্ধু ড. মাকসুদুর রহমান উদ্ভিদের আইডেনটিটি সনাক্তকরণ ও জীবন রহস্য নিয়ে গবেষণা করেন। জিহান সাহেব শৈশবে তাঁর মা-বাবার নিকট থেকে হারিয়ে গিয়েছিলেন। একদিন পত্রিকায় “সাহায্য চাই” আবেদন দেখে তিনি আবেদনকারীর বাড়িতে উপস্থিত হলেন। আবেদনকারীর বিস্তারিত পারিবারিক ঘটনা শুনে জিহান সাহেব বুঝতে পারলেন তিনিই তার জন্মদাতা পিতা। তবুও মনের ভিতর কিস্তিত সন্দেহ রয়ে গেছে। বিষয়টি তিনি প্রকাশ না করে দ্রুত তাঁর বন্ধু ড. মাকসুদুর রহমানের স্মরণাপন্ন হলেন। ড. রহমান জানালেন ল্যাবরেটরিতে পরীক্ষার মাধ্যমে জিহান সাহেবের সন্দেহ দূর করা যাবে।

ক. ন্যানো প্রযুক্তি ব্যবহার করা প্রয়োজন কেন?

খ. সূনাগরিকের দায়িত্ব পরিচিত করে তুলতে হলে কিভাবে প্রযুক্তি ব্যবহার করা প্রয়োজন? ব্যাখ্যা কর।

গ. কী পরীক্ষার মাধ্যমে ড. মাকসুদুর রহমান সাহেব জনাব জিহান সাহেবের পৈত্রিক পরিচয় নির্ণয়ের ইঙ্গিত করেছেন তার বর্ণনা দাও।

ঘ. ড. মাকসুদুর রহমানের গবেষণা চিকিৎসা ক্ষেত্রে কোনো ভূমিকা রাখবে কী? তোমার মতামত বিশ্লেষণ কর।

২.► শহরের একটি খ্যাতনামা গবেষণা প্রতিষ্ঠানে গবেষকদল টমেটোর জীবন রহস্য নিয়ে গবেষণা করে তার ফল কম্পিউটারে সংরক্ষণ করেন। গবেষণাগারের নিরাপত্তা রক্ষায় অননুমোদিত ব্যক্তির প্রবেশ রোধের জন্য গবেষকদল গবেষণাগারে প্রবেশের সময় তাদের আঙ্গুলের ছাপ ব্যবহার করেন।

ক. ক্রয়োসার্জারী কী?

খ. ই-কমার্স বিশ্বগ্রামের একটি সুফল— ব্যাখ্যা কর।

গ. উদ্ভীপকের নিরাপত্তা ব্যবস্থাটি ব্যাখ্যা কর।

ঘ. উদ্ভীপকের গবেষণা কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কোন দিকটি প্রতিফলিত করে – বিশ্লেষণ কর।

৩.► কৃষি গবেষক ড. রায়হান আবিষ্কৃত বীজ চাষ করে একজন কৃষক পূর্বের ফলনের চেয়ে অধিক ফলন ঘরে তুলল। ড. রায়হান তার গবেষণাগারের দুটি কক্ষে প্রবেশের পথে প্রথমটিতে আঙ্গুলের ছাপ নেওয়ায় এবং দ্বিতীয়টিতে সেন্সরের দিকে তাকানোর পর দরজা খুলে যায়।

ক. টেলিমেডিসিন কী?

খ. দূর শিক্ষণে তথ্য প্রযুক্তির অবদান বুঝিয়ে লেখ।

গ. অধিক ফসল ফলনের জন্য ড. রায়হানের গবেষণায় ব্যবহৃত প্রযুক্তি ব্যাখ্যা কর।

ঘ. ড. রায়হানের দুটি কক্ষে প্রবেশের প্রক্রিয়াদ্বয়ের মধ্যে কোনটি বহুল ব্যবহৃত? বিশ্লেষণপূর্বক মতামত দাও।